দৈনিক ইত্তেফাক

তারিখ ...MAR. 1 0 1999

পৃষ্ঠা ৫ কলাম ৫

124

# মাদ্রাসা শিক্ষা সম্পর্কে সুস্পষ্ট ঘোষণা দেওয়ায় প্রধানমন্ত্রীকে অভিনন্দন

বাংলাদেশ ওলামা সংগঠনের মহাসচিব মওলানা কাজী আবু দাউদসহ দেশের প্রখ্যাত ৩০ জন আলেম এক যৌথ বিবৃতিতে জাতির জনকের কন্যা জননেত্রী শেখ হাসিনা কর্তৃক মাদ্রাসা শিক্ষা সম্প্রসারণ ও উন্নয়নের ক্ষেত্রে তাঁহার সরকার গৃহীত নীতির ব্যাপারে সুস্পষ্ট ঘোষণা দেওয়ায় তাঁহাকে অভিনন্দন জানাইয়াছেন। বাংলাদেশ এবতেদায়ী মাদ্রাসা শিক্ষক সমিতির আহ্বায়ক আলহাজ্ব মওলানা কাজী জহিরুল ইসলাম ও সদস্য সচিব মওলানা আব্দুল করিম খান (জামান) অপর এক যৌথ বিবৃতিতে ৭ই মার্চ পল্টনের জনসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐ ঘোষণার জন্য তাঁহাকে সমিতির পক্ষ হইতে প্রাণঢালা অভিনন্দন জানান হয়।

বাংলাদেশ ওলামা সংগঠনের মহাসচিবসহ দেশের প্রখ্যাত ৩০ জন আলেম তাহাদের বিবৃতিতে বলেন, পল্টন ময়দানে ৭ই মার্চের জনসভায় প্রধানমন্ত্রীর সুস্পষ্ট ঘোষণার ফলে গুটিকয়েক স্বার্থান্বেষীসহ মওলানা মান্নানদের অপপ্রচার ও ষড়যন্ত্রের মুখোশ উন্মোচিত হইয়াছে। বিবৃতিতে অন্যান্যের মধ্যে মওলানা আব্দুল করিম খান, মওলানা শফিকুর রহমান, মওলানা আবুল কালাম আজাদ, মওলানা ফকরুল ইসলাম, মওলানা নূর মুহাম্মদ প্রমুখ স্বাক্ষর করেন।

বাংলাদেশ এবতেদায়ী মাদ্রাসা শিক্ষক সমিতির বিবৃতিতে বলা হয়, একটি পত্রিকা দীর্ঘদিন যাবৎ সরকারীভাবে মাদ্রাসা শিক্ষা বন্ধের চেষ্টায় জঘন্যতম মিথ্যা ও অপপ্রচার চালাইয়া আসিতেছে। প্রধানমন্ত্রীর ঘোষণার ফলে তাহাদের ঘোলা পানিতে মাছ শিকারের আশা ধূলিসাৎ হইয়া গিয়াছে।

বাংলাদেশ ওলামা লীগের কেন্দ্রীয় সভাপতি মো: হাবিবুল্লাহ কাঁচপুরী এক বিবৃতিতে বাংলাদেশ সরকারের বিরুদ্ধে মাদ্রাসা শিক্ষা বন্ধের অভিযোগ ভিত্তিহীন বলিয়া উল্লেখ করেন।